# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঐ ব্যক্তি গাফিল নন যে ব্যক্তি ১০ আয়াত পাঠ করে কিয়ামুল লাইল করে, যে ব্যক্তি ১০০ আয়াত পাঠ করে কিয়ামুল লাইল করে, তাকে বিনীত-অনুগত হিসেবে লিপিবদ্ধ করা হয় আর যে ব্যক্তি ১০০০ আয়াত পাঠ করে কিয়ামুল লাইল করে, তাকে প্রভুত সাওয়াব লাভকারীদের অন্তর্ভুক্ত হিসেবে লিপিবদ্ধ করা হয়

## ذِكْرُ نَفْيِ الْغَفْلَةِ عمَّن قَامَ اللَّيْلَ بِعَشْرِ آيَاتٍ مَعَ كِتْبَةِ مَنْ قَامَ بِمِائَةِ آيَةٍ مِنَ الْقَانِتِينَ وَمَنْ قَامَهَا بِأَلْفٍ مِنَ الْمُقَنْطِرِينَ

---

আরবী

2563 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ أَبَا سُوَيْدٍ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ ابْنَ حُجَيْرَةَ يُخْبِرُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (مَنْ قَامَ بِعَشْرِ آيَاتٍ لَمْ يُكْتَبْ مِنَ الغافلين ومن قام بمئة آيَةٍ كُتْبَ مِنَ الْقَانِتِينَ وَمَنْ قَامَ بِأَلْفِ آية كُتِبَ من المقنطرين)
الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2563 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1264)، ((الصحيحة)) (642).
قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو سُوَيْدٍ: اسْمُهُ حُمَيْدُ بْنُ سُوَيْدٍ مِنْ أَهْلِ مِصْرَ وَقَدْ وَهِمَ مَنْ قَالَ أَبُو سويَّة.

বাংলা

২৫৬৩. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি ১০ আয়াত পাঠ করে কিয়ামুল লাইল করে তাকে গাফিল হিসেবে লিপিবদ্ধ করা হয়না, যে ব্যক্তি ১০০ আয়াত পাঠ করে কিয়ামুল লাইল করে, তাকে বিনীত-অনুগত হিসেবে লিপিবদ্ধ করা হয় আর যে ব্যক্তি ১০০০ আয়াত পাঠ করে কিয়ামুল লাইল করে, তাকে প্রভুত সাওয়াব লাভকারীদের অন্তর্ভুক্ত হিসেবে লিপিবদ্ধ করা হয়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের রাবী আবূ সুআইদের নাম হুমাইদ বিন সুআইদ, তিনি মিসরের অধিবাসী। যে ব্যক্তি তাকে আবূ সাবিয়্যাহ বলেছেন, তিনি ভুল করেছেন।”

## ফুটনোট

[1] ইবনুস সুন্নী: ৭০১; আবূ দাঊদ: ১৩৯৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৪৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91889

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন